

পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নিয়ে ২৬ উপাচার্যের বৈঠক

■ আজ শিক্ষামন্ত্রীর সঙ্গে বসবেন

প্রতিনিধি, ঢাকা

শিক্ষামন্ত্রী সসে বৈঠকের পূর্বপ্রস্তুতি হিসেবে গতকাল সকাল ১০টায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে আয়োজন করে পাবলিক বিশ্ববিদ্যালয় পরিষদ। এতে দেশের ৩৪টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২৬টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ সভায় অংশ নেন। প্রায় ৩ ঘণ্টাব্যাপী এ সভায় বর্তমান পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অস্থিতিশীল পরিস্থিতি, শিক্ষার মান ও পরিবেশ নিশ্চিতকরণসহ পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের বৈঠক অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ১১টায় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হবে বলে উপাচার্যদের সংগঠন বিশ্ববিদ্যালয় পরিষদ সূত্রে জানা যায়। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতিশ্রেণি বঙ্গবন্ধু শেখ মুহিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুল মান্নান আবদুল জ্ঞানান, বর্তমানে কয়েকটি বিশ্ববিদ্যালয়ে যে উচ্চ পরিস্থিতি সৃষ্টি হয়েছে তার কারণ পর্যালোচনা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোতে

পাবলিক : পৃষ্ঠা : ২ ক

পাবলিক : বিশ্ববিদ্যালয়

(১৬ পৃষ্ঠার পর)

অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির মাধ্যমে কোন মহল সরকারকে বিভ্রান্তকর অবস্থায় ফেলার চেষ্টা করছে কি না এ বিষয়েও আলোচনা করা হয়েছে। তিনি আরও জানান, আজ শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকে উপাচার্য পরিষদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়গুলোর সংকট নিরসনে প্রয়োজনীয় সুপারিশ জুড়ে ধরা হবে। প্রসঙ্গত, উপাচার্যের পদত্যাগের দাবিতে শিক্ষকদের একটি পক্ষ ও অন্য পক্ষের লাগাতার আন্দোলন ও কর্মসূচির ফলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পরিস্থিতি অস্বাভাবিক হয়ে ওঠে। আন্দোলনের তীব্রতায় বুয়েটের ক্লাস পরীক্ষা প্রায় এক মাস বন্ধ ছিল। এ অবস্থায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে শিক্ষা প্রতিষ্ঠান দুটির পরিস্থিতি স্বাভাবিক হয়। এছাড়া ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ অন্য বিশ্ববিদ্যালয়গুলো ছাত্র রাজনীতি ও অভ্যন্তরীণ কোন্দলের কারণে অস্থিতি হয়ে ওঠে।